**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# ছয়টি দূষিত সাইটে পরিষ্কার কার্যক্রম সম্পন্ন করতে গভর্নর হোকলের 2.4 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

***সিরাকিউস, বেডফোর্ড, নিউবার্গ, রোম, ও ফুল্টনের সম্পত্তিগুলো স্টেটের পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচিতে অংশগ্রহণ করবে***

***এসব অনুদান মিউনিসিপ্যালিটিগুলোকে দূষিত সাইটগুলো পরিষ্কার করতে, কমিউনিটিগুলো সুরক্ষিত রাখতে, এবং স্থানীয় অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ পাঁচটি মিউনিসিপ্যালিটিকে সংস্কার কাজের জন্য টার্গেটকৃত ছয়টি সাইটে দূষিত পদার্থ পরিষ্কার করতে সাহায্য করার জন্য 2.4 মিলিয়ন ডলারের অনুদান বরাদ্দ করার ঘোষণা দিয়েছেন। সিরাকিউস সিটি, বেডফোর্ড টাউন, নিউবার্গ সিটি, রোম সিটি, ও ফুল্টন সিটি প্রত্যেকে স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচির (Environmental Restoration Program) অধীনে অনুদান লাভ করবে, যা স্থানীয় সরকারগুলোকে ঐতিহাসিক কাল থেকে জমা হওয়া দূষিত পদার্থ পরিষ্কার করতে এবং সম্পত্তিগুলো পুনরায় উৎপাদনমুখী ব্যবহারে ফিরিয়ে আনতে সাহায্য করবে।

"আমার প্রশাসন আমাদের স্টেটের প্রতিটি কোণায় পরিবেশগত ও অর্থনৈতিক পুনরুদ্ধারের প্রচেষ্টা অব্যাহত রাখতে দৃঢ় প্রতিজ্ঞ," **বলেছেন গভর্নর হোকল।** "আমি একটি স্টিল প্লান্টের পাশের এলাকায় বেড়ে উঠেছি যা লেক এরিকে বিষাক্ত বর্জ্য জমা করার একটি আবর্জনা ফেলার স্থানে পরিণত করেছিল এবং একটি কমিউনিটির অবস্থার পরিবর্তনের জন্য এই প্রকল্পটির মতো পরিষ্কারকরণ প্রকল্পগুলোর ক্ষমতা ও সম্ভাবনা সম্পর্কে আমার প্রত্যক্ষ ধারণা রয়েছে। এসব প্রকল্প দূষিত ও অব্যবহারযোগ্য সাইটগুলোকে অর্থনৈতিক উৎপাদনমুখীতার চালিকা শক্তিতে রূপান্তর করার মাধ্যমে দীর্ঘদিন ধরে উপেক্ষিত অবস্থায় থাকা কমিউনিটিগুলোতে নতুন প্রাণের সঞ্চার করবে।"

পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচি (Environmental Restoration Program, ERP) 1996 সালে তৈরি করা হয়েছে এবং এটি সংস্কার কাজের প্রসার ঘটাতে সাহায্য করার জন্য মিউনিসিপ্যালিটির মালিকানাধীন ব্রাউনফিল্ড সম্পত্তিগুলোতে উপযুক্ত খরচগুলোর অর্থ ফেরত দেওয়ার জন্য

অনুদান প্রদান করে থাকে। স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) ERP-এর পরিষ্কার কার্যক্রমগুলোর তত্ত্বাবধান করে থাকে, যেখানে এখন পর্যন্ত 140টি সাইটের কাজ সম্পন্ন হয়েছে। অনুদানগুলোর তহবিল প্রধানত স্টেটের বিপজ্জনক বর্জ্য পরিষ্কার সংক্রান্ত অ্যাকাউন্ট থেকে সরবরাহ করা হয়, যেখানে স্টেটব্যাপী কমিউনিটিগুলোতে ERP সাইটগুলোতে অনুসন্ধান ও পরিষ্কার কার্যক্রম পরিচালনার জন্য বছরে 10 মিলিয়ন ডলার পর্যন্ত ব্যবহৃত হয়ে থাকে। সিরাকিউস সিটি, বেডফোর্ড টাউন, নিউবার্গ সিটি, রোম সিটি, ও ফুল্টন সিটি, এরা প্রত্যেকে অনুদান পাওয়ার ব্যাপারে DEC-এর সঙ্গে চুক্তিবদ্ধ হবে, যেখানে মিউনিসিপ্যালিটি প্রকল্পের ব্যয়ের 10 শতাংশ খরচ বহন করবে।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন,** "আমাদের পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচি হলো স্টেট জুড়ে দূষিত সাইটগুলোতে অনুসন্ধান ও পরিষ্কার কার্যক্রম সম্পন্ন করতে প্রণোদনা প্রদানের জন্য নিউ ইয়র্ক স্টেটের কাজে লাগানো কয়েকটি সফল সংস্থানের মধ্যে একটি, যার ফলস্বরূপ কমিউনিটিগুলো এসব সম্পত্তিকে পুনরায় উৎপাদনমুখী ব্যবহারে ফিরিয়ে আনতে পারে এবং সম্ভাব্য স্বাস্থ্য ও পরিবেশগত ঝুঁকিসমূহ মোকাবেলা করতে পারে। বাজেটের সময় ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচির (Brownfield Cleanup Program) জন্য অতি গুরুত্বপূর্ণ বরাদ্দ বৃদ্ধি এবং এই ছয়টি কমিউনিটির জন্য আজকের ERP ঘোষণা, উভয়ের মধ্য দিয়ে গভর্নর হোকল আশেপাশে এলাকাগুলো পুনরুজ্জীবিত করতে এবং অধিকতর শক্তিশালী, আরো বেশি স্বাস্থ্যকর কমিউনিটি গড়ে তুলতে সাহায্য করা অব্যাহত রেখেছেন।"

ERP-এর মাধ্যমে মিউনিসিপ্যালিটিগুলোর গৃহীত সরকারি অর্থায়নে পরিচালিত পরিষ্কার কার্যক্রমের পরিপূরক হিসেবে, গভর্নর হোকলের 2023 অর্থবছরের জন্য প্রণীত স্টেট বাজেটে নিউ ইয়র্ক স্টেটের সমৃদ্ধশীল ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (BCP) বর্ধিত ও সম্প্রসারণ করা হয়েছে, যা দূষিত সম্পত্তিগুলোর সংস্কার কাজে বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি করতে সাহায্য করছে। এই বাজেটে কর্মসূচিটি 10 বছরের জন্য পুনরায় অনুমোদন করা হয়েছে এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে পরিষ্কার কার্যক্রমের জন্য প্রণোদনা প্রদানের ব্যবস্থা করার মাধ্যমে BCP-এর উন্নয়ন করা হয়েছে। সেইসাথে, এই কর্মসূচি BCP সম্পত্তি কর ক্রেডিটের জন্য উপযুক্ত সাশ্রয়ী আবাসন কর্মসূচির পরিধি সম্প্রসারণ করার মাধ্যমে সাশ্রয়ী আবাসন উন্নয়নের জন্য গভর্নর হোকলের অঙ্গীকার পুনরায় নিশ্চিত করেছে, যা অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের পাশাপাশি ব্রাউনফিল্ডগুলোর পুনঃউন্নয়নের জন্য প্রণোদনা প্রদান করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ সুযোগ-সুবিধা প্রদান করবে। এছাড়াও, BCP এখন BCP-চালিত পুনঃউন্নয়নের প্রতি জোর দেওয়া এব স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ পূরণে সাহায্য করার জন্য নতুন কর ক্রেডিট দিয়ে নির্দিষ্ট কিছু নবায়নযোগ্য জ্বালানি ফ্যাসিলিটির সাইট উন্নয়নের জন্য উৎসাহিত করছে।

ERP অনুদানের সর্বশেষ রাউন্ডের অংশ হিসেবে অনুদান পাওয়া প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

**<u>ওনেইডা কাউন্টি</u>**

**রোম সিটি: 1,100,261 ডলার**

1030 ইস্ট ডমিনিক স্ট্রিট সাইটটি (1030 East Dominick Street Site) 1950 এর দশকের সময়ের একটি প্রাক্তন গ্যাসোলিন স্টেশন। 1999 সালে, তিনটি ভূগর্ভস্থ স্টোরেজ ট্যাংক (UST) সরিয়ে

নেওয়া হয়, এবং তখন থেকে সাইটটি একটি অটোমোবাইল রক্ষণাবেক্ষণ ও মেরামত কেন্দ্র হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছে। এই অনুদান DEC-এর পরিষ্কার পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য ব্যবহার করা হবে যা উদ্বায়ী জৈব যৌগ (VOC) এবং আংশিক-উদ্বায়ী জৈব যৌগ (SVOC) দ্বারা দূষিত হওয়া মাটি ও ভূগর্ভস্থ পানি পরিষ্কারের কাজ করবে।

**ওননডাগা কাউন্টি**
**সিরাকিউস সিটি: 472,770 ডলার**
জিপ জিপ মিনি মার্কেট সাইট (Zip Zip Mini Market Site) 1997 সাল পর্যন্ত খুচরা গ্যাসোলিন বিক্রির ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনা করেছে, তখন একটি অগ্নিকান্ডের ফলে সেবাদানকারী ভবনটি ধ্বংস হয়ে যায়। চারটি ভূগর্ভস্থ স্টোরেজ ট্যাংক দূষণের জন্য দায়ী বলে মনে করা হয়, যেগুলো যথাযথভাবে বন্ধ না করেই এই সম্পত্তিতে রেখে দেওয়া হয়েছিল। এই অনুদান DEC-এর পরিষ্কার পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য ব্যবহার করা হবে যা VOC, SVOC, কীটনাশক, এবং সীসা ও দস্তার মতো ধাতুগুলোর দ্বারা দূষিত হওয়া মাটি ও ভূগর্ভস্থ পানি পরিষ্কারের কাজ করবে।

**ওয়েস্টচেস্টার কাউন্টি**
**বেডফোর্ড টাউন: 386,911 ডলার**
ক্রাশার রোড সাইট (Crusher Road Site) 50 বছরেরও বেশি সময় ধরে বেডফোর্ড টাউনের ডিপার্টমেন্ট অব পাবলিক ওয়ার্কস (Department of Public Works)-এর একটি অবস্থান হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। এই অনুদান DEC-এর পরিষ্কার পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য ব্যবহার করা হবে যা VOC, বিশেষ করে টেট্রাক্লোরোইথিলিন (PCE) এবং এটির সংশ্লিষ্ট উপজাত পদার্থগুলো (ট্রাইক্লোরোইথেন, ডাইক্লোরোইথেন, ও ভিনাইল ক্লোরাইড) দ্বারা দূষিত হওয়া মাটি ও ভূগর্ভস্থ পানি পরিষ্কারের কাজ করবে।

**ওসওয়েগো কাউন্টি**
**ফুল্টন সিটি: 225,007 ডলার**
308 হ্যারিসন স্ট্রিট (308 Harrison Street) (সাবেক ফুল্টন মল) সাইটটি 1907 সাল থেকে 1955 সাল পর্যন্ত উৎপাদন কার্যক্রমের জন্য ব্যবহৃত হয়েছে। পুরোনো সংবাদপত্রগুলোর খবর থেকে ইঙ্গিত পাওয়া যায় যে 1916 সালের দিকে এই সাইটটি কমপক্ষে এক বছরের জন্য মিউনিসিপ্যালিটির অবৈধ কঠিন বর্জ্য জমা করার স্থান হিসেবে ব্যবহৃত হয়েছিল। 1960 সাল থেকে 1970 এর দশকের মাঝামাঝি সময় পর্যন্ত সাইটটি একটি স্থানান্তর ও সংরক্ষণ ফ্যাসিলিটি হিসেবে ব্যবহৃত হয়েছে। আরো সাম্প্রতিক সময়ে, এখানে ফুল্টন মলের অবস্থান ছিল, যা 2003 সালের শরতে ভেঙ্গে ফেলা হয়। এই অনুদান DEC-এর পরিষ্কার পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য ব্যবহার করা হবে যা VOC, SVOC, এবং তামা ও সীসার মতো ধাতু দ্বারা দূষিত হওয়া মাটি ও ভূগর্ভস্থ পানি পরিষ্কারের কাজ করবে।

**অরেঞ্জ কাউন্টি**
**নিউবার্গ সিটি: 73,064 ডলার**
7-11 জন্স স্ট্রিট (7-11 Johnes Street) সাইট একটি সাবেক ড্রাই ক্লিনিং ব্যবসা যেখানে মাটির নিচে পেট্রোলিয়াম সংরক্ষণ করা হতো। ব্যবসাটি 1954 সালে চালু হয় এবং বকেয়া কর পরিশোধ

না করায় নিউবার্গ সিটি সাইটটির দখল ফেরত নেওয়ার আগ পর্যন্ত আনুমানিক 40 বছর ধরে কার্যক্রম পরিচালনা করেছে। এই অনুদান DEC-এর পরিষ্কার পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য ব্যবহার করা হবে যা VOC, SVOC, এবং সীসা ও পারদের মতো ধাতু দ্বারা দূষিত হওয়া মাটি ও ভূগর্ভস্থ পানি পরিষ্কারের কাজ করবে।

**নিউবার্গ সিটি: 120,212 ডলার**
350-352 লিবার্টি স্ট্রিট (350-352 Liberty Street) সাইটটি একটি সাবেক গ্যাসোলিন স্টেশন যা 1954 সাল থেকে 1980-এর দশকের মাঝামাঝি সময় পর্যন্ত কার্যক্রম পরিচালনা করেছে। এই সাইটে কয়েকটি UST এবং মাটির উপরে একটি স্টোরেজ ট্যাংক রয়েছে। এই অনুদান DEC-এর পরিষ্কার পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য ব্যবহার করা হবে যা VOC, SVOC, এবং আর্সেনিক, সীসা ও পারদের মতো ধাতু দ্বারা দূষিত হওয়া মাটি ও ভূগর্ভস্থ পানি পরিষ্কারের কাজ করবে।

ERP, BCP, এবং DEC-এর অন্যান্য পরিষ্কার কর্মসূচিগুলো সম্পর্কে আরো তথ্য জানতে, ভিজিট করুন https://www.dec.ny.gov/chemical/brownfields.html।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418